করোনার ভ্যাকসিন ন্যায্যভাবে বিতরণের আহ্বান বিশ্ব স্বাস্থ্য সংস্থার

চেম্বার ডেস্ক:: করোনাভাইরাসের টিকা সারা বিশ্বের দেশগুলোর মধ্যে ন্যায্যভাবে বিতরণের আহ্বান জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)।

বুধবার এক ভিডিও বার্তায় ডব্লিউএইচও মহাপরিচালক তেদরোস আধানোম গেব্রেয়াসুস এই আহ্বান জানান। খবর রয়টার্সের

ডব্লিউএইচও মহাপরিচালক বলেন, করোনার টিকা যেন শুধু ধনী দেশগুলো না পায়। গরীব দেশগুলোতেও এই টিকা বিতরণ করতে হবে।

চীনে প্রথম করোনাভাইরাস শনাক্তের বছর পূর্তির এক দিন আগে এই ভিডিও বার্তা দেন তেদরোস আধানোম গেব্রেয়াসুস।

তেদরোস আধানোম গেব্রেয়াসুস বলেন, নতুন বছরে টিকার প্রয়োগ করোনা মহামারি দূর করতে আমাদের আশা জাগাচ্ছে। পৃথিবীর সব প্রান্তে এই টিকা পৌঁছানোর জন্য আমাদের ব্যবস্থা নিতে হবে।

তিনি বলেন, বিশ্ব যদি একসাথে চলে এবং একে অপরকে সহায়তা করে তাহলে খুব সহজে আমরা এই মহামারি দূর করতে পারবো।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা, দ্য কোয়ালিশন ফর এপিডেমিক প্রিপেয়ার্ডনেস ইনোভেশনস (সিইপআই) ও দ্য ভ্যাকসিন অ্যালায়েন্স

(গ্যাভি) মিলে সুষ্ঠুভাবে টিকা বিতরণের জন্য কোভ্যাক্স উদ্যোগ নেওয়া হয়েছে। কোভ্যাক্স উদ্যোগের মাধ্যমে বিশ্বের নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলোর জন্য টিকা কিনতে ৪ বিলিয়ন ডলার অর্থের জন্য আবেদন জানান তেদরোস আধানোম গেব্রেয়াসুস। তিনি বলেন, নতুন বছরে এই চ্যালেঞ্জের কথা আমাদের বলতে হবে।